

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৮৪

২৩. কুরআনের ফ্যীলত অধ্যায় (کتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ২৬. যে ব্যক্তি দশটি আয়াত তিলাওয়াত করলো, তার ফযীলত

باب فَضْل مَنْ قَرَأً عَشْرَ آيَاتٍ

আরবী

حَدَّثَنَا إِسْمَعِيلُ بْنُ أَبَانَ حَدَّثَنَا أَبُو أُويْسٍ عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ عَنْ مُحَمَّدِ بْنِ كَعْبِ الْقُرَظِيِّ عَنْ ابْنِ عُمَرَ قَالَ مَنْ قَرَأً فِي لَيْلَةٍ بِعَشْرِ آيَاتٍ لَمْ يُكْتَبْ مِنْ الْغَافِلِينَ الْقُرَظِيِّ عَنْ ابْنِ عُمَرَ قَالَ مَنْ قَرَأً فِي لَيْلَةٍ بِعَشْرِ آيَاتٍ لَمْ يُكْتَبْ مِنْ الْغَافِلِينَ

বাংলা

৩৪৮৪. মুগীরাহ ইবনু আব্দুল্লাহ আল জাদলী হতে বর্ণিত, ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেছেন: যে ব্যক্তি রাতে (সালাতে) দশটি আয়াত পাঠ করবে, তাকে গাফিলদের (অমনোযোগীদের) মধ্যে লিখা হবে না [1]

ফুটনোট

[1] তাহক্বীক: মুগীরাহ ইবনু আব্দুল্লাহ আল জাদলীর জীবনী আমি পাইনি। তবে কেবল মুসলিম, মুনফারিদাত ওয়াল ওয়াহদান নং ৩৭৩ তে তাকে সেই সকল ব্যক্তির মধ্যে উল্লেখ করেছেন, যাদের থেকে আবী ইসহাক সাবিঈ হাদীস বর্ণনা করেছেন। অন্যান্য রাবীগণ বিশ্বস্ত।

তাখরীজ: ইবনু যরীস, ফাযাইলুল কুরআন নং ৬৩ ও ইবনু মানসূর ১/২৯ নং ২৪ এর সনদে জাহালাত বা অজ্ঞাত পরিচয় রাবী রয়েছে। আগের টি দেখুন। আর এর পরের হাদীসটিও এর শাহিদ হয়। বিস্তারিত সামনে আসছে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন